



বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি
প্রতিষ্ঠান)



আইএসও ৯০০১:২০১৫ সনদ প্রাপ্ত
প্রশাসন শাখা
www.bcsl.gov.bd

নম্বর: ১৪.৩৭.০০০০.২০১.১৮.০১৭.১৯.১১০৭

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭
০৫ মে ২০২০

□□□□ □□□□

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলায় এবং এর ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণে গত ২৬ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ থেকে ০৫ মে ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অত্র প্রতিষ্ঠানে সাধারণ ছুটি ঘোষণা করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৪ মে ২০২০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮. ০১৪.০৭-১৩৫ অনুসরণে অদ্য ০৫ মে ২০২০ খ্রিঃ তারিখে কর্মকর্তা ও সিবিএ প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিতপূর্বক অত্র প্রতিষ্ঠান আগামী ৯ মে ২০২০ খ্রিঃ তারিখ থেকে সপ্তাহে ৬ কর্মদিবস ডিউটি হিসেবে প্রতি কর্মদিবসে ৫০% জনবলের উপস্থিতিতে সীমিত আকারে চালু থাকবে। সে মোতাবেক স্ব-স্ব বিভাগ/শাখা কর্তৃক প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীদের ডিউটি চার্ট প্রস্তুত করে প্রশাসন বিভাগে প্রেরণ করবে।

পূর্বের ছুটির ধারাবাহিকতায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ৪ মে ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণে আগামী ৭ মে ২০২০ খ্রিঃ তারিখ সাধারণ ছুটি হিসেবে কারখানা বন্ধ থাকবে। উক্ত ছুটির সাথে আগামী ৮ মে ২০২০ খ্রিঃ তারিখের সাপ্তাহিক ছুটিও সংযুক্ত থাকবে। এ ছুটির সময় অত্র প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ কর্মস্থল/বাসস্থান ত্যাগ না করার জন্য অনুরোধ করা হলো।

শুধুমাত্র কারখানার স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য এ আদেশ প্রযোজ্য হবে।

৫-৫-২০২০

জগদীশ চন্দ্র মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০৪১৭৮৫২৯৯
ফ্যাক্স: ০৪১৭৮৫৩৭৫


ইমেইল: mdbcskhulna@gmail.com

নম্বর: ১৪.৩৭.০০০০.২০১.১৮.০১৭.১৯.১১০৭/১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭
০৫ মে ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা
হইল:

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও চেয়ারম্যান, বাকেশি পরিচালনা পর্ষদ।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা ও পরিচালক, বাকেশি পরিচালনা পর্ষদ।
- ৩) পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
- ৫) সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানজাহানআলী থানা, কেএমপি।
- ৭) অন্যান্য সকল কর্মকর্তা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ৮) নিরাপত্তা শাখা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ৯) নিরীক্ষা শাখা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ১০) হিসাব (বিল) শাখা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ১১) নোটিশ বোর্ড, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
- ১২) প্রধান ফটক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।



৫-৫-২০২০

জগদীশ চন্দ্র মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক